দৈনিক ইত্তেফাক

তারিখ . 3 .1 DEC . 2017
পৃষ্ঠা ৭ কলাম ১

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা

# উত্তরপত্র পুনঃনিরীক্ষণ করা যাবে ১ থেকে ১৫ জানুয়ারি

■ ইত্তেফাক রিপোর্ট

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য ১ থেকে ১৫ জানুয়ারি পর্যন্ত আবেদন করা যাবে। টেলিটক প্রি-পেইড মোবাইল দিয়ে ফল যাচাই করার আবেদন করা যাবে।

আবেদন করতে মোবাইলে ম্যাসেজ অপশনে গিয়ে আরএসসি (DPRSC) লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে বিষয় কোড লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।

প্রতি বিষয়ের জন্য ১৮০ ফি কাটা হবে। ফিরতি এসএমএস এ আবেদন ফি বাবদ কত টাকা কেটে নেওয়া হবে তা জানিয়ে একটি পিন নম্বর দেওয়া হবে। আবেদনে সম্মত থাকলে ম্যাসেজে গিয়ে আরএসসি (DPRSC) লিখে স্পেস দিয়ে ইয়েস (YES) লিখে স্পেস দিয়ে পিন নম্বর লিখে স্পেস দিয়ে নিজ মোবাইল ফোন নম্বর লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।

# জেএসসি-জেডিসিতে বিদেশি কেন্দ্রেও কমেছে পাসের হার

■ ইত্তেফাক রিপোর্ট

জেএসসি ও জেডিসি পরীক্ষায় বিদেশি কেন্দ্রেও কমেছে পাসের হার। এবার ৯৩.২০ শতাংশ পরীক্ষার্থী কৃতকার্য হয়েছে। যা ২০১৬ সালে ছিল ৯৯.৫২ শতাংশ। ২০১৭ সালের দেশের বাইরে মোট ৯টি কেন্দ্রে একযোগে জেএসসি ও জেডিসি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে ৫৯৯ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে কৃতকার্য হয়েছে ৫৬২ জন। অকৃতকার্য পরীক্ষার্থীর সংখ্যা ৩৭ জন। পরিসংখ্যানে দেখা যায়, বিগত বছরের তুলনায় অনেক দিক থেকেই পিছিয়ে গেছে। ২০১৬ সালে ৮টি বিদেশি কেন্দ্র থেকে ৬২৬ জন পরীক্ষার্থী অংশ নিয়ে ৬২৩ জন উত্তীর্ণ হয়েছিল। এ বছর ৮৩ জন পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ হয়েছে। ২০১৬ সালে জিপিএ-৫ পেয়েছিলো ৮৪ জন।